১২৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ...0.5 MAY 1997...
পৃষ্ঠা: ২ কলাম ৪

# বরিশালে পরীক্ষার্থীদের বিক্ষোভ ভাংচুর ॥ গ্রেফতার ৯

বরিশাল অফিস ॥ আসন্ন এইচ-এসসি পরীক্ষায় শহরে আন্তঃকলেজ আসন ব্যবস্থা চালুর সিদ্ধান্ত গ্রহণের পর বিক্ষুব্ধ দুইশতাধিক পরীক্ষার্থী গতকাল (রবিবার) জেলা প্রশাসকের অফিস ও ৬টি সরকারী গাড়ীতে হামলা চালাইয়া ভাংচুর করে। পুলিশ ৯জনকে গ্রেফতার করিয়াছে। পরীক্ষার্থীদের নিক্ষিপ্ত ইটপাটকেলে ১০ জন পুলিশসহ কমপক্ষে ১৫ জন পথচারী আহত হয়। পুলিশের লাঠিচার্জ

( শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## বরিশালে পরীক্ষার্থীদের

( ১ম পৃঃ পর )

ও প্রহারে কমপক্ষে ১৫ জন পরীক্ষার্থী ও সাধারণ লোক আহত হয়। বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা গতকাল সকালে মিছিল বাহির করে। তাহারা রূপালী ব্যাঙ্ক, জনতা ব্যাংক, ওয়াপদার, আদালতের, ডি,সি পুল, আঞ্চলিক পরিচালক (শিক্ষা) ও পৌরসভার ময়লাবাহীগাড়ী ভাঙ্গচুর করে। পরে তাহারা জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান শেষে বাহির হইয়া ঐ অফিসে ব্যাপক হামলা চালায়।

তাহারা পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করে। পুলিশ এ সময় ব্যাপক লাঠিচার্জ ও ৯ জনকে গ্রেফতার করে। আহত ৮ জন পুলিশকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। ইন্সপেক্টর শাহাদত হোসেন ও কনষ্টেবল ইসাহাককে গুরুতর আহত অবস্থায় পুলিশ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা আজ (সোমবার) শহরে হরতাল আহ্বান করিয়াছে। গাড়ী ভাঙ্গার অভিযোগে ৪টি মামলা দায়ের হইয়াছে। জেলা প্রশাসক জানান গৃহীত সিদ্ধান্ত বলবৎ থাকিবে।